উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ (৩৬তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ১৭ জানুয়ারি, ২০২২, সময়: বেলা ১১.৩০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | <u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u><br>উপস্থানযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার পাওয়া যায় নাই। | | |
| | | **<u>রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:</u>**<br><br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (ডিসে:/২১-জানু:/২২):**<br>-ডিসেম্বর/২০২১ মাসের আপ্যায়ন বিল পরিশোধ-৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের হলরুমের পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ক্রয়কৃত সামগ্রীর বিল পরিশোধ - ২,৯৮০/- টাকা<br>-উপজেলা পরিষদের নভেম্বর/২০২১মাসের ৬টি বিদ্যুৎ বিল পরিশোধ-২৩,৯৪৬/- টাকা<br>-উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী তৈলের বিল (অক্টো/২১ হতে ডিসে:/২১)-৭৩,৯১৪/- টাকা<br>-উপজেলা পরিষদের সভাকক্ষের প্লেট ৬০পিচ, হাফ প্লেট ৬০ পিচ, কাটা চামচ ৩৬পিচ ও কেটলি ০১টি ক্রয়ের বিল পরিশোধ-১১,৮০০/- টাকা<br>-কম্পিউটারের যন্ত্রাংশ পরিবর্তন বিল পরিশোধ-১২,৩৫০/- টাকা<br>-নভেম্বর/২০২১ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>-নভেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>-উপজেলা চত্বরে ফুল গাছ লাগানো মাটির বেড তৈরির বিল পরিশোধ-১০,০০০/- টাকা<br>-জাতীয় যুব দিবস উপলক্ষে বিল পরিশোধ-৩,০০০/- টাকা<br>-জাতীয় সমবায় দিবস উপলক্ষে বিল পরিশোধ-৩,০০০/- টাকা<br>-গড়াই ভবনের পানির লাইন মেরামত বিল- ৪,৪৬০/- টাকা<br>-উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ-১৮,৬৫০/- টাকা<br>-ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-ম: ভাইস চেয়ারম্যানের ডিসে:/২০২১ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মালীর ডিসে:/২১ মাসের মজুরী বাবদ- ১৩,৭৫০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর ডিসে:/২১ মাসের মজুরী বাবদ- ১৩,৭৫০/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন, উন্নয়ন পরিচালন, এডিপি ও হাট-বাজার খাতসমূহের ব্যয়কৃত অর্থের বিপরীতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | -পরিচ্ছন্নকর্মীর ডিসে:/২১ মাসের মজুরী বাবদ- ১৩,৭৫০/- টাকা<br>-স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী এবং মহান বিজয় দিবস/২১ উদযাপনের ব্যয় ৪৫,৯৬০/-টাকা<br>-উপজেলা পরিষদ চত্বরে ফুলগাছ লাগানোর বিল পরিশোধ-১২,৯০০/- টাকা<br>-পানির ফোয়ারা মেরামত এবং উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে বৈদ্যুতিক মেরামত কাজের বিল পরিশোধ-১৮,৪৯০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (ডিসে:/২১-জানু:/২২):**<br>বালিয়াকান্দি উপজেলার ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারীদের ক্লাবের অসমাপ্ত কাজ সমাপ্তকরনের জামানত ফেরতের বিল পরিশোধ-৪৯,৯৮৯/- টাকা<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা(ডিসে:/২১-জানু:/২২):**<br>-মীর মশাররফ হোসেন ডিগ্রি কলেজের জিল্লুল হাকিম একাডেমী ভবনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের জামানত ফেরত( মেসার্স সোহেল ট্রেডার্স, পাংশা)- ৩,৫১,৮০০/- টাকা<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (ডিসে:/২১-জানু:/২২):**<br>-এলাঙ্গী ব্রিজ হতে সুইচগেট পর্যন্ত ফ্লাট সলিং রাস্তা নির্মাণ কাজের ১ম ও চুড়ান্ত বিল পরিশোধ(এস,এস এন্টারপ্রাইজ, বালিয়াকান্দি)=৫,৯৭,৬৭৩/- টাকা<br>-শ্রীরামকান্দি ত্রাণের ব্রিজ হতে আলী খা পাড়া এইচবিবি রাস্তার অসমাপ্ত অংশ এইচবিবি দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ ( মেসার্স তৌহিদ এন্টারপ্রাইজ, চরলক্ষীপুর, রাজবাড়ী)- ৫,৯৮,৩৩১/- টাকা।<br>**(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (ডিসে:/২১-জানু:/২২):**<br>-সোনাপুর বাজারে সবজী সেড নির্মাণ ( মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ, বালিয়াকান্দি) বাবদ বিল পরিশোধ-৫,৬৯,০৫৩/- টাকা। | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। সেইসাথে বিভিন্ন দপ্তরভিত্তিক গৃহীত উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্যও অনুরোধ করেন। একইসাথে গত সভার সিদ্ধান্তসমূহের আলোকে দপ্তরভিত্তিক যথাযথভাবে সম্পন্ন হয়েছে কি-না এ বিষয়ে পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনা করেন।<br><br>২। এ পর্যায়ে তিনি সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, প্রতি মাসের মাসিক সভা অনুষ্ঠানের কমপক্ষে ২/৩ দিন পূর্বে বিভাগওয়ারী সঠিক তথ্য উপস্থাপনের জন্য নোটিশে উল্লেখ করা হলেও অধিকাংশ দপ্তর/বিভাগ হতে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হয় না। ফলে সভার কার্যবিবরণীতে সঠিক তথ্য সন্নিবেশ করা অনেক ক্ষেত্রেই সম্ভব হয়ে উঠে না। কার্যবিবরণীতে সঠিক তথ্য উপস্থাপন না করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের প্রধানকে দায় বহন করতে হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।<br><br>৩) তিনি আরো জানান যে, জনাব মোঃ হাবিব সেখ, পিতা: মোঃ মফিজ সেখ, গ্রাম:চরদক্ষিণবাড়ী, পো:সোনাপুর, ২) মোঃ সুজাত মন্ডল, পিং: মৃত আতর আলী মন্ডল, গ্রাম: বাঘুটিয়া ও ৩) অরবিন্দু মন্ডল, পিং: হরিপদ মন্ডল, পো: জংগল বাজার, সর্ব উপজেলা: বালিয়াকান্দি, জেলা : রাজবাড়ীসহ কয়েক জন ব্যক্তি কর্তৃক বাড়ীঘর আগুনে পুড়ে যাওয়ায় আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। আবেদনপত্র গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার আরো জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(ক)মোতাবেক উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/ সংরক্ষণ/ রংকরণ খাতে বছরে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। তথাপী জরুরী প্রয়োজনে ইতোমধ্যে উপজেলা পরিষদের বাসাবাড়ী/ অফিসের বিভিন্ন টুকিটাকি কাজ বাবদ ১,২৫,২৭৫/-টাকা এবং ০৩টি প্রকল্প খাতে ৯,৩৫,৩৪৯/-টাকাসহ সর্বমোট ১০,৬০,৬২৪/- টাকা ব্যয় হয়েছে। এছাড়া প্রায়শ:ই লক্ষ্য করা যাচ্ছে বাসাবাড়ী/ অফিস ভবন এবং উপজেলা চত্বরের বিভিন্ন সমস্যাদি সমাধান করা বিশেষ জরুরী হয়ে পড়ে । বিশেষ করে জানা যায়, বর্তমানে সমবায় অফিসের এ্যাটাস্ট ওয়াসরুমের ব্যাচিন নাই সংশ্লিষ্ট অফিস হতে চাহিদাপত্র এবং গেজেটেড কোয়াটার (যমুনা) এ/১ এর প্লেস্টার এবং রংয়ের কাজ করা প্রয়োজন মর্মে উক্ত বাসায় বসবাসকারী জনাব মোঃ নজরুল ইসলাম, পল্লী সঞ্চয় | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>২। প্রতি সভা অনুষ্ঠানের ২/৩ দিন পূর্বেই আলোচ্য মাসের অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।<br><br>৩) আলোচনান্তে আবেদনকারীদের অনুকূলে প্রত্যেককে ২,০০০/- (দুই)হাজার টাকা হারে রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। সভায় বিস্তারিত আলোচনান্তে জরুরী প্রয়োজনে বর্ণিত সমবায় অফিসের এবং গেজেটেড কোয়াটারের কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । একই সাথে ১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্বে ব্যয়ের অংশটুকু আগামী অর্থ বছরে সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যাংক, বালিয়াকান্দি আবেদন করেছেন। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে এবং জরুরী বিবেচনায় সংশ্লিষ্ট মেরামত কাজ সম্পন্ন করা যায় কি- না এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা জানান যে, হাসপাতালের বিভিন্ন চিকিৎসাসেবাসহ টিকা কার্যক্রম এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | স্বাস্থ্যসেবার মান বজায় রাখার নিমিত্তে চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদি পশুর চিকিৎসাসেবা কার্যক্রমসহ অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম এবং প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, আগামী ১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. 'প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প' (এলডিডিপি) এর সহযোগিতায় 'প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২২' অনুষ্ঠিত হবে এবং উক্ত অনুষ্ঠানে সকলের সহযোগিতা ও অংশ গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | গৃহীত কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মুজিব শতবর্ষ উপলক্ষে গৃহীত প্রকল্প বসতবাড়ীতে পুষ্টিবাগান চলমান রয়েছে। প্রতি ইউনিয়নে ১০০ টি বাগান হবে। ১০০ জন চাষীকে দিয়ে সূর্যমুখী চাষ করানো সম্ভব হয়েছে। এছাড়া নাবী পাটবীজ ৩০০ কেজি উৎপাদন হবে। পেঁয়াজের আবাদ বৃদ্ধি পেয়েছে তবে রসুনের আবাদ কিছুটা কমেছে। বঙ্গবন্ধু ধান ৬টি ইউনিয়নে চাষ করা হয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, মুকুল আসার আগে আম গাছে স্প্রে করা প্রয়োজন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রান্তিক পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট উন্নয়নের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা জানান যে, জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় বিভিন্ন হাট-বাজারে পরিদর্শন করা হচ্ছে এবং এ ব্যাপারে জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | জাটকা সংরক্ষণে সার্বিক মনিটরিং কার্যক্রম অব্যহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৬,০৬৫ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৫,৫৬৪ জন এবং গ্রহণকারীর হার ৭৭.২০%। স্থায়ী পদ্ধতি পুরুষের সংখ্যা-শূন্য, স্থায়ী পদ্ধতি মহিলার সংখ্যা- ১৯ জন, আইইউডি-৬৩ জন, ইমপ্লান্ট- ৪১ জন, গর্ভবর্তীর সংখ্যা- ২০৯ জন, নবদম্পতির সংখ্যা-৪০ জন। নরমাল ডেলিভারী সংখ্যা-০৮ জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাথমিক বিদ্যালয়সমূহে অনলাইন ক্লাশ চালু রয়েছে। এ দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনাসমূহ অনুসরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, স্কুল কলেজ ও কওমী মাদ্রাসাসহ মোট ২৩৪১৯ জনকে ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে এবং ২য় ডোজ টিকা প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সকল ছাত্র-ছাত্রীদের টিকা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি ১ম হতে ৩য় কিস্তিসহ কোভিড-১৯ খাতে সর্বমোট ৬৫.২৯ লক্ষ টাকা | গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে গৃহীত প্রকল্পসমূহের আওতায় ৩৬.৬১ লক্ষ টাকার বিল পরিশোধ করা হয়েছে এবং অবশিষ্ট কাজ শেষে বাকী অর্থ পরিশোধ করা সম্ভব হবে। এছাড়া এডিপি, রাজস্ব ও উন্নয়ন তহবিলে প্রাপ্ত বরাদ্দের অবশিষ্ট অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | সম্পন্নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিধবা ও বয়স্ক ভাতাভোগীদের শতভাগ বিকাশ নম্বর প্রদান করা হয়েছে। ২য় কিস্তির অর্থ ধীরে ধীরে সকল ভাতাভোগী তাদের সক্রিয় বিকাশ নম্বার পাবেন। যাদের বিকাশ নম্বরে টাকা যায় নাই, তারা সমাজসেবা অফিসে এসে নম্বর যাচাই করতে পারবেন। গত ২ জানুয়ারি ২০২২ সারা দেশের ন্যায় বালিয়াকান্দি উপজেলাতে জাতীয় সমাজসেবা দিবস সুষ্ঠুভাবে পালিত হয়েছে। | বিকাশ হিসাব নম্বরের মাধ্যমে সকল ভাতাভোগীদের ভাতা প্রদানের বিষয়টি সঠিকভাবে নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ১৮০.৯৫ লক্ষ, ঋণ আদায় ৭৯.২১ লক্ষ, শেয়ার আদায় ০.০৫ লক্ষ এবং সঞ্চয় আদায় ১.০০ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আদায়ের লক্ষ্যমাত্রা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, নতুনভাবে অফিস স্থাপন করার জন্য সভাপতিসহ উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। তবে আরো রুমের প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি ও ৮৫টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। এছাড়াও কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের আওতায় প্রকল্পভূক্ত আরো ১০০টি সমবায় সমিতি আছে, যা সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন করা হয়ে থাকে। সকল সমবায় সমিতির বার্ষিক বার্ষিক অডিট পরিদর্শন, সমিতির সদস্যদের সাথে মতবিনিময় সভা ইত্যাদি কার্যক্রমসহ ২৫ জন সদস্যকে চলতি অর্থবছরে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের নিয়েও ০১টি সমবায় সমিতি রয়েছে। সেখানে সমবায় বিভাগ কর্তৃক ২৭,৯০,০০০/- টাকা (ঘূর্ণায়মান তহবিল) সরকারি ঋণ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় জুলাই/২০২১ হতে বর্তমান পর্যন্ত বিভাগীয় ০৫টি ও পল্লী উন্নয়নের আওতাভূক্ত সিভিডিপি প্রকল্পের ১২টি সমবায় সমিতিসহ মোট ১৭টি সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। অত্র উপজেলার সমবায় বিভাগীয় সার্বিক কার্যক্রমকে আরো গতিশীল করার প্রচেষ্টা করা হবে মর্মে জানান। | সমিতির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা ২০২১-২০২২ অর্থবছরের আওতায় গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওয়ায় বরাদ্দকৃত অর্থ দ্বারা ইতোমধ্যে গৃহীত সকল প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া ২টি ফেজে প্রাপ্ত কম্বল/শীতবস্ত্র জনগণের মাঝে বিতরণ সম্পন্ন করা হয়েছে। আরো জানান যে, দুর্যোগ | গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং উপ-সহকারী প্রকৌশলীর শূণ্য পদটি পদায়নের নিমিত্ত | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সহনীয় বাসগৃহ বাবদ প্রাপ্ত ৯৬ লক্ষ টাকা দ্বারা ৪০টি বাসগৃহের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, এ কার্যালয়ে উপ-সহকারী প্রকৌশলীর পদটি শূন্য রয়েছে। | যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮২টি টিউবওয়েল স্থাপনের কাজ চলমান রয়েছে এবং ৯৮টি গভীর সাব মারসেবল নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)) | সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, ৪র্থ পর্যায়ের ২০১৯-২০২০ অর্থ বছরের পিএমইউ কর্তৃক অনুমোদিত ২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পূর্ণাঙ্গ সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন ও কোভিড-১৯ প্রতিরোধে প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ সরবরাহকরণ উপ- প্রকল্পের কাজ শুরু হয়েছে এবং সমাধিনগর মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবনের দ্বিতল সম্প্রসারণ কাজ যথাশীঘ্র শুরু হবে। সভায় আরো জানান যে, ৫ম পর্যায়ের ২০২০-২১ অর্থ বছরের পিএমইউ কর্তৃক অনুমোদিত ৪টি অবকাঠামো উন্নয়ন (১) বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তা স্ট্রিট সোলার লাইট দ্বারা আলোকায়ন, (২). মনসুর আলী খান কলেজ সংযোগ সড়ক আরসিসিকরণ, (৩). আড়কান্দি বাজার হতে আবাসন প্রকল্প ভায়া পাটুরিয়া স্কুল সড়কে কালভার্ট নির্মাণ এবং (৪). সোনাপুর বাজারের জলাবদ্ধতা নিরসনে আরসিসি ড্রেন নির্মাণ উপ-প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবার প্রক্রিয়ায় রয়েছে।<br><br>২) সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, ৪র্থ পর্যায়ের ০৭টি দক্ষতা উন্নয়ন উপ-প্রকল্পের মধ্যে ০৫টি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট স্বাস্থ্য ও অনলাইন মার্কেটিং বিষয়ক ০২টি ও ৫ম পর্যায়ের ২০২০-২০২১ অর্থ বছরের পিএমইউ কর্তৃক অনুমোদিত ০৬টি দক্ষতা উন্নয়ন বাস্তবায়নের (৪টি প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী বাছাই বিজ্ঞপ্তি চলতি সাপ্তাহে প্রকাশিত হবে) প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | ০১. চলমান অবকাঠামো উপ-প্রকল্প ও টেন্ডার প্রক্রিয়া শেষে গৃহীত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের নির্মাণ কাজ চলাকালীন নিয়মিত মনিটরিং এর মাধ্যমে কাজের গুণগত মান সঠিক রাখার জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফকে অনুরোধ জানানো হয়।<br><br>০২. দক্ষতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহ (প্রশিক্ষণ) যথাশীঘ্র বাস্তবায়ন শুরু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য ইউডিএফকে অনুরোধ জানানো হয়। | |
| ২০ | বিবিধ | ০১) আলোচনায় অংশ নিয়ে নব নির্বাচিত সকল ইউপি চেয়ারম্যান পৃথক পৃথকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আওতাধীন বিভিন্ন সমস্যাদি তুলে ধরেন এবং একইসাথে তাদের ইউনিয়ন এলাকাধীন বিভিন্ন পর্যায়ে উন্নয়নমূলক কাজের গতিশীল আনয়নের লক্ষ্যে উপজেলা পরিষদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করেন।<br><br>০২) পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি বক্তব্যের শুরুতেই সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানদেরকে জানান যে, ইউনিয়নের উন্নয়ন তথা দেশের উন্নয়নের লক্ষ্যে জনপ্রতিনিধিদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ । আপনাদের ন্যায় নিষ্ঠা এবং সততা দিয়ে জনগণের ভাগ্য উন্নয়নের পরিবর্তন ঘটানো সম্ভব বলে আমি মনে করি। সেইসাথে সরকার কর্তৃক অর্পিত দায়িত্ব এবং কর্তব্য যথাযথভাবে পালনের জন্য প্রত্যেক দপ্তর প্রধান এবং ইউপি চেয়ারম্যানেদেরকে বিশেষভাবে অনুরোধ করেন।<br><br>০৩) প্রসংগক্রমে উপজেলা চেয়ারম্যান জানান যে, নভেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদের জীপগাড়ী নং-রাজবাড়ী-ঘ-১১-০০১১ এর ০৪(চার)টি টায়ার টিউব ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় এবং মেরামতের সংক্রান্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগে প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরণের বিষয়ে আলোচনা হয় । সে আলোকে উক্ত জীপগাড়ীর টায়ারসহ সংশ্লিষ্ট মালামাল ক্রয় এবং মেরামতের নিমিত্তে প্রাথমিক প্রক্রিয়া সম্পন্নের জন্য বিস্তারিত আলোচনা | ০১. ইউনিয়ন পর্যায়ে সকল সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২) ইউনিয়ন পরিষদসহ স্ব-স্ব দপ্তরের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>০৩) আলোচনান্তে উপজেলা পরিষদের উক্ত জীপগাড়ীর ০৪(চার)টি টায়ার টিউব ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় এবং মেরামত সংক্রান্ত কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে গ্রহণের জন্য | ইউপি চেয়ারম্যানবৃন্দ<br><br>সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়। বিস্তারিত আলোচনা শেষে বর্ণিত মালামালসমূহ কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রয়ের নিমিত্তে একটি মূল্যায়ন কমিটি গঠন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মাধ্যমে গ্রহণের জন্য মূল্যায়ন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনসহ উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭/১/২০২২

( মোঃ আবুল কালাম আজাদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।
তারিখ: ১৭ জানুয়ারি, ২০২২ খ্রি.

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- ১৫৯(৩২)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান ......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

১৭/১/২২

( মোঃ হাসিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (পরিশিষ্ট-'ক')

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | স্বাক্ষরিত |
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০৩ | আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০৪ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০৫ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০৬ | জনাব মোঃ জহরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০৭ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০৮ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০৯ | জনাব এ, কে, এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১০ | জনাব ডাঃ মোহাম্মদ নাছির উদ্দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১১ | জনাব মোঃ মাজেদ সরদার | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১২ | জনাব মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১৩ | জনাব মর্জিনা খাতুন | এফডব্লিউভি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে | |
| ১৪ | জনাব মোঃ আব্দুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১৫ | জনাব মোঃ আলমগীর বাদশাহ্ | উপজেলা প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১৬ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১৭ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১৮ | জনাব কাজী এজাজ কায়সার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ১৯ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয় কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ২০ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ২১ | জনাব মোঃ রেজাউল করিম | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ২২ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ২৩ | জনাব মোঃ আহাদুজ্জামান | সহকারী প্রোগ্রার, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ২৪ | জনাব নাজিউর রহমান | ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকা বিভাগ | |

অনুপস্থিত সদস্যবৃন্দের হাজিরি (পরিশিষ্ট-খ)

| | | | |
|---|---|---|---|
| ২৩ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ২৪ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | উপজেলা বন কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |